

খণ্ড 26

Dekalb County School District পরিবারকে শুভেচ্ছা,

আমি প্রথমে সকলকে স্টেট অফ দ্য ডিস্ট্রিক্টে অংশ নেয়ার জন্য ধন্যবাদ জানাতে চাই। আমি DeKalb County School District (DCSD)-এর সুপারিন্টেনডেন্ট হিসেবে কাজ করতে পেরে কৃতজ্ঞ, তবে আমি একা করতে পারতাম না। এই স্কুল ডিস্ট্রিক্টের উন্নতির ক্ষেত্রে আপনাদের সহায়তা অনেক।

আমি আমাদের স্কুল আবার খোলার পরিকল্পনার দ্বিতীয় ও তৃতীয় পর্যায়ের অপেক্ষায় আছি। এইসব পর্যায়ে, আমাদের শিক্ষার্থীদের কো-হোর্ট স্কুলে আসতে তার ইচ্ছার ভিত্তিতে হাইব্রিড, স্কুলে ক্লাস করবে। প্রি-কিন্ডারগার্টেন, কিন্ডারগার্টেন, প্রথম গ্রেড, দ্বিতীয় গ্রেড, ষষ্ঠ গ্রেড এবং নবম গ্রেডের শিক্ষার্থীরা ক্লাস শুরু করবে মার্চ 9, 2021 মঙ্গলবার। তৃতীয় পর্যায়ে মার্চ 15, 2021 সোমবার থেকে তৃতীয়, চতুর্থ, পঞ্চম, সপ্তম, অষ্টম, 10, 11 এবং 12 গ্রেডের ক্লাস শুরু হবে।

আমাদের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মী স্কুল ভবনে সুরক্ষিত তা নিশ্চিত করতে ডিস্ট্রিক্ট রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) সুপারিশকৃত প্রশমন কৌশল বাস্তবায়িত করবে। আমরা যেভাবে DCSD নিরাপদ রাখব তা এখানে দেয়া রয়েছে।

আমি আমাদের শিক্ষার্থী ও সেইসব পরিবার যারা স্কুলে ক্লাস করা বিকল্প বেছে নিয়েছেন তাদের অপেক্ষায় আছি! স্কুলে ক্লাস আবার শুরু করা সম্পর্কে আরো তথ্যের জন্য দয়া করে আমাদের ওয়েবসাইট দেখুন। এছাড়াও আমরা আমাদের রিমোট লার্নিং ব্যবস্থাকেও আরো শক্তিশালী করতে প্রতিশ্রুতিবদ্ধ।

স্টেট অফ দ্য ডিস্ট্রিক্ট দেখার জন্য এখানে ক্লিক করুন। ডিস্ট্রিক্টের YouTube পেজে স্টেট অফ দ্য রিজিয়ন অ্যাড্রেস উপলভ্য আছে।

## নতুন প্রোগ্রাম

আমাদের স্কুলে ক্লাস আবার শুরু করা ও ভার্চুয়াল মাধ্যমে ক্লাস করানোর পাশাপাশি, আমাদের কিছু শিক্ষার্থী এই মহামারীর কারণে ক্ষতিগ্রস্ত তা আমাদেরকে মানতেই হবে। আমাদের ত্বরান্বিত করার সাথে সাথে যেখানে প্রয়োজন সেখানে পুনর্বহাল করার জন্য আমাদের পরিকল্পনা রয়েছে। শিক্ষার ক্ষতির প্রতিকার করতে, DCSD "লার্নিং ওয়েডনেসডে (Learning Wednesdays)" সম্প্রসারণ এবং সামার অ্যাকাডেমিক ও এনরিচমেন্ট প্রোগ্রামের ব্যবস্থা করবে।

এছাড়াও DCSD এছাড়াও আমাদের শিক্ষার্থীদের জন্য উচ্চমানের কর্মী নিয়োগ ও তাদের ধরে রাখা, কর্মীদের কার্যকারিতার ক্ষেত্রে অগ্রাধিকার দেবে। ডিস্ট্রিক্ট প্রতিবন্ধী, ব্যতিক্রমী শিক্ষার্থী এবং ইংরেজী শিক্ষার্থীদের সহায়তা করার জন্য ডিস্ট্রিক্ট ও শিক্ষক এবং নেতৃত্বদের পেশাদার উন্নতির সুযোগ বৃদ্ধি করবে।

আমরা সাফল্যের প্রতিবন্ধকতাগুলি দূর করব যাতে আমাদের শিক্ষার্থীরা ক্রমাগত উন্নতি করতে পারে!

## কোভিড-19 টিকা

DSCD গভর্নর Brian Kemp-এর শিক্ষাবিদদের কোভিড-19 টিকা সম্প্রসারণ সংক্রান্ত সাম্প্রতিক ঘোষণা নিয়ে উচ্ছসিত। কর্মীদের জন্য যাতে পর্যাপ্ত টিকা উপলভ্য থাকে তার কৌশল বাস্তবায়নের জন্য ডিস্ট্রিক্ট DeKalb স্বাস্থ্য পর্ষদের (Board of Health) সঙ্গে একত্রিত হয়ে কাজ করছে। কর্মীদেরকে তাদের প্রাথমিক স্বাস্থ্য প্রদানকারীদের কাছে টিকা পাওয়া যাচ্ছে কিনা তা দেখতে বলা হচ্ছে।

## March Mindfulness

আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি ডিস্ট্রিক্ট মার্চ মাসে কর্মীদের জন্য "March Mindfulness" এর ব্যবস্থা করবে। এই 30 মিনিটের সেশনে মানসিক চাপ নিয়ন্ত্রণ করা, মন প্রশান্তি রাখা এবং চাপ সনাক্ত করার প্রমাণ ভিত্তিক সরঞ্জামের উপর জোর দেয়া হবে। এইসব সেশনে সঙ্গীত এবং চলাফেরার মাধ্যমে মানসিক স্বাস্থ্যের উন্নতিও করা হবে।

এইসব সেশনে 150-200 জন অংশগ্রহণকারী থাকতে পারবে এবং কর্মীরা চাইলে একাধিক সেশনে নাম লেখাতে পারেন। Mr. Curtis Smith, Moment of Mindfulness-এর প্রতিষ্ঠাতা এইসব সেশন প্রদান করবেন। Mr. Smith জুম লিঙ্কের মাধ্যমে সেশন প্রদান করবেন।

আমাদের কর্মীদের জন্য এই উদ্যোগ নেয়ার জন্য অন্তর্বর্তী ডেপুটি সুপারিনটেনডেন্ট Dr. Deborah Moore-Sanders এবং তার কর্মীদের ধন্যবাদ।

## ব্যতিক্রমী শিশু সপ্তাহ

DCSD পরের সপ্তাহে ব্যতিক্রমী শিশু সপ্তাহ উদযাপন করবে। আমরা আমাদের উত্তরাধিকারের প্রতিশ্রুতিগুলি পর্যালোচনা করার সময়, আসুন আমরা সবাই আমাদের ব্যতিক্রমী শিক্ষার্থীদের সহায়তার জন্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানের প্রতি আমাদের প্রতিশ্রুতি স্মরণ করে নিই। এটা হল ডিস্ট্রিক্টের কাছে সবথেকে গুরুত্বপূর্ণ। আমাদের ব্যতিক্রমী শিক্ষার্থীদের উদযাপন করার সাথে সাথে, সামাজিক যোগাযোগ মাধ্যমে আমাদের অনুসরণ করুন।

আমি আশা করি যে আমাদের শিক্ষার্থীদের পড়াশোনায় ও তাদের লক্ষ্যে সাহায্য করার জন্য একসঙ্গে "এক ডেকালব (One DeKalb)" হিসেবে কাজ করে যাব।

বিনীত,

Mrs. Cheryl Watson-Harris